৫৫

দৈনিক ইনকিলাব

তারিখ ... 28 MAY 1994

পৃষ্ঠা · ৮ · কলাম · ৭ ...

## বিশ্ববিদ্যালয়সমূহের মধ্যে সমন্বয়ের অভাব

# কয়েক হাজার ছাত্র-ছাত্রী বিশ্ববিদ্যালয় ও কলেজগুলোতে অনার্স ও পাস কোর্সে এবারও ভর্তি হতে পারছে না

।। ইনকিলাব রিপোর্ট ।।

দেশের বিশ্ববিদ্যালয়সমূহের মধ্যে সমন্বয়ের অভাবে এবারও কয়েক হাজার ছাত্র-ছাত্রী বিশ্ববিদ্যালয় ও কলেজগুলোতে অনার্স ও পাস কোর্সে ভর্তি হতে পারছে না। বিশ্ববিদ্যালয়সমূহে ভর্তি শেষ হওয়ার আগেই জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীনস্থ কলেজগুলোতে ভর্তি শেষ করে দেয়ার কারণে এই নাজুক অবস্থার সৃষ্টি হয়েছে। ঢাকা বিশ্ববিদ্যালয়সহ দেশের সকল বিশ্ববিদ্যালয়ে এবার অন্ততঃ ৬০/৭০ হাজার ছাত্র-ছাত্রী ভর্তির জন্য দরখাস্ত করেছে। আসন সংখ্যা ৮/১০ হাজারের বেশী নয়। বিশ্ববিদ্যালয়ে ভর্তির আশায় অনেকেই কলেজগুলোতে ভর্তির আবেদন করেনি। ঢাকা বিশ্ববিদ্যালয়ে ভর্তি পরীক্ষার ফলাফলের পর অকৃতকার্য অধিকাংশ ছাত্র-ছাত্রীই ভর্তির জন্য বেশ উদ্বিগ্ন হয়ে পড়েছে। জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীনস্থ কলেজগুলোতে অনার্স ও পাস কোর্সে ভর্তির শেষ তারিখ ছিল ২৩ মার্চ। তখনও বিশ্ববিদ্যালয়গুলোর ভর্তি পরীক্ষার ফলাফল প্রকাশিত হয়নি। ভর্তি হতে না পারা অধিকাংশ ছাত্র-ছাত্রীই মেধাবী। বিশ্ববিদ্যালয়গুলোর মধ্যে সমন্বয়ের অভাবে এইসব মেধাবী ছাত্ররা এবছর কোথাও ভর্তি হতে পারছে না। তাদের মতে বিশ্ববিদ্যালয়সমূহে ভর্তি শেষ হবে কলেজগুলোতে ভর্তি প্রক্রিয়া শুরু করা বাঞ্ছনীয়। কিন্তু তা না হয়ে এবার তড়িঘড়ি করে কলেজগুলোতে অনার্স ও পাস কোর্সে ছাত্র ভর্তি শেষ করা হয়েছে। বিশ্ববিদ্যালয়গুলোতে ভর্তি প্রক্রিয়া এখনো শেষ হয়নি। সমন্বয়ের অভাবে এ ছেলেদের জীবনের একটি বছর নষ্ট হ...

১১-এর পৃঃ ২-এর কঃ দেখুন

## সমন্বয়ের অভাব

প্রথম পৃষ্ঠার পর

উপক্রম হয়েছে। অন্যদিকে ভর্তি প্রক্রিয়া শেষ হওয়ার পর অনেক ছাত্র-ছাত্রীর বিভাগ পরিবর্তন, বিষয় পরিবর্তন, শিক্ষা প্রতিষ্ঠান পরিবর্তনের কারণে অনেক আসন শূন্য হয়ে পড়ে। পরবর্তী সময় এইসব আসন পূরণ করার উদ্যোগ নেয়া হয় না। গত ২/৩ বছর যাবত এইভাবে বেশ কয়েকশ' আসন বিশ্ববিদ্যালয়গুলোতে খালি পড়ে থাকে। গত বছর ঢাকা বিশ্ববিদ্যালয় বিলম্বে ঐসব আসন পূরণের উদ্যোগ নিলেও সংশ্লিষ্ট ছাত্র-ছাত্রীদের কাছে সেই খবর পৌঁছেনি। এমনকি জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়েও গত বছর প্রায় দু'শ' আসন শূন্য পড়ে থাকে।

এখনও সময় আছে এইসব মেধাবী ছাত্র-ছাত্রীদের ভর্তির ব্যাপারে বিশ্ববিদ্যালয়সমূহের কর্তৃপক্ষের সমন্বিত সিদ্ধান্ত গ্রহণের। এ ব্যাপারে কলেজগুলোতে অনার্স ও পাস কোর্সে ভর্তির ব্যাপারে পুনরায় দরখাস্ত আহ্বান করা এবং বিশ্ববিদ্যালয়সমূহে শূন্য আসন পূরণের জন্য ব্যবস্থা গ্রহণ করা বাঞ্ছনীয় বলে অভিভাবক মহল ও ছাত্র-ছাত্রীরা মনে করেন। তাছাড়া এসব শিক্ষার্থীর জীবন থেকে একটি বছর ঝড়ে পড়ার দায়িত্ব কে নেবে?